ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৬৯

আগরতলা, ১৪ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২৬ জুলাই, ২০২৫ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় 'নয় মাসে জল সংকট' শিরোনামে প্রকাশিত সংবাদটি পূর্ত (ডি.ডব্লিউ.এস.) দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, প্রকাশিত সংবাদের উল্লেখিত বিষয়টি গৌরনগর ব্লকের অন্তর্গত শ্রীনাথপুর গ্রাম পঞ্চায়েতের আজিজ পাড়ার সাথে সম্পর্কিত। আজিজ পাড়ার জনগণ বিদ্যমান গভীর নলকূপ থেকে জল পাচ্ছেন। কিন্তু ২ মাস ধরে আজিজ পাড়ার প্রায় ১৫টি পরিবারের মধ্যে পাইপলাইনের মাধ্যমে যে পানীয়জল সরবরাহ করা হচ্ছে তাতে জলের পরিমাণ কম ছিল। কিছু অতিরিক্ত পাইপলাইন সম্প্রসারণের পর বর্তমানে আজিজ পাড়ার ১৫টি পরিবারের মধ্যে পর্যাপ্ত পরিমাণ পানীয়জল সরবরাহ করা হচ্ছে। তাই ৯ মাস জল সংকটের বিষয়টি ঠিক নয়।

*****